

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৬ ফেব্রুয়ারি'২০২৩খ্রি.

চসিক ভ্রাম্যমাণ আদালত

নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশের কারণে গ্লোরী ফুডস এন্ড বেভারেজকে

১ লক্ষ টাকাসহ তিন ব্যক্তিকে ১ লক্ষ ৪ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর বায়েজিদ থানাধীন শতাব্দী হাউজিং এলাকায় মেয়াদ বিহীন বেকারী পণ্য মজুদ করা, কারখানার পরিবেশ নোংরা ও অস্বাস্থ্যকর এবং কর্মরত কর্মীদের হেলথ ফিটনেস সনদ না থাকার দায়ে গ্লোরী ফুডস এন্ড বেভারেজকে ১ লক্ষ টাকা জরিমানা করা হয়।

একই অভিযানে বাংলাবাজার এলাকায় ফুটপাথ ও নালা জায়গা থেকে শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়। এই সময় ফুটপাথ দখল করে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির করে ব্যবসা পরিচালনার অপরাধে দুই ব্যক্তিকে ৪ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

বইমেলা মঞ্চে তারুণ্যের উৎসব কাল

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত নগরীর এম এ আজিজ স্টেডিয়াম সংলগ্ন জিমনেশিয়াম চত্বরে বইমেলা মঞ্চে আগামীকাল বিকেল সাড়ে ৪ টায় তারুণ্যের উৎসব অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক মেয়র আ.জ.ম নাছির উদ্দীন। এতে সভাপতিত্ব করবেন বিশিষ্ট লেখক ও গবেষক অভিক ওসমান। আলোচক থাকবেন ড.শামসুদ্দিন শিশির, চট্টগ্রাম প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক শুকলাল দাশ, কাউন্সিলর শেখ জাফরুল হায়দার চৌধুরী, সংরক্ষিত কাউন্সিলর জেসমিন পারভীন জেসী।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮